# Syllabus for Hand Batik Artist

| | |
|---|---|
| **Course Name** | Hand Batik Artist |
| **Sector** | Handicrafts and Carpets |
| **Course Code** | HAC/2024/HBAR/387 |
| **Level** | 4 (RPL) |
| **Occupation** | Hand Batik Artist |
| **Course Duration** | 60 Hrs (OJT ) |
| **Trainees' Entry Qualification** | Class V Pass with 5 years experience in the relevant field |
| **Trainers Qualification** | Class X pass with 7 years experience in the relevant field |

## Syllabus:

কাপড়ের কিছু অংশে নক্শা এঁকে তারপর নক্শা টি মোম দিয়ে ঢেকে সেটা রঙে ডুবিয়ে যে পদ্ধতি তে কাপড় রঙ করা হয় তাকে বাটিক বলে। এ ক্ষেত্রে মোম লাগানো কাপড়ের অংশে রঙ ভালো ভাবে প্রবেশ করতে পারেনা ও তার ফলে বিভিন্ন ধরণের নক্শা ফুটে ওঠে ও অনবদ্য রূপ লাভ করে । এই পদ্ধতি তে কাপড় রঙ করা কে বাটিক প্রিন্ট বলা হয়।

'বাটিক' শব্দ টি ইন্দোনেশিয়া থেকে এসেছে যার বাংলায় অর্থ দাড়ায় 'বিন্দু'। মোমের ফোঁটা বা বিন্দু ব্যাবহার করে এই নকশা তৈরি করা হয় বলে এই নাম। যদিও বহু পুরনো নথী তে বাটিক এর প্রথম উৎপত্তি স্থল হিসেবে ভারতীয় উপকূল কেই পাওয়া যায়।

পশ্চিম বঙ্গে বীরভূম জেলার শান্তিনিকেতনের বাটিক বিশ্ববিখ্যাত।

## কাজের ভুমিকাঃ হ্যান্ড বাটিক শিল্পী

## বাটিক শেখার নিয়মাবলী

১। ক্ষেত্রঃ হস্তশিল্প ও কার্পেট / দেশীয় কারিগরি শিল্প / ঐতিহ্যবাহী কারিগরি শিল্প

২। কোর্সের সময় সীমাঃ ৬০ ঘণ্টা

প্র্যাক্টিকাল - ৫৬ ঘণ্টা

থিওরী - ৪ ঘণ্টা

৩। পরীক্ষাঃ

থিওরীঃ মাল্টিপল চয়েস প্রশ্ন (এম সি কিউ)

প্র্যাক্টিকালঃ সময়সীমার মধ্যে একটি কাপড়ে শুরু থেকে বলে দেওয়া রঙ ও নকশায় বাটিক প্রিন্ট করা

৪। ছাত্র সংখ্যাঃ ২০-২৫ জন ট্রেনী প্রতি ব্যাচে

৫। ন্যুনতম যোগ্যতাঃ কোনো প্রথাগত যোগ্যতা ছাড়াই এই কলা শেখা যায়, তবে পঞ্চম শ্রেণীর সমতুল্য বয়স ও জ্ঞান বাঞ্ছনীয়।

## বাটিক শিক্ষার উপকরণঃ

১। **বিভিন্ন ধরণের কাপড়ঃ** সুতি, সিল্ক, মসলিন, তসর, গরদ, খাদি, ইত্যাদি

২। পেনন্সিল, পেন, ট্রেসিং পেপার, তুলি / ব্রাশ

৪। রবিন ব্লু

৫। **রঙ - প্রাকৃতিকঃ** নীল, তুঁতে, গাঁদা ফুল, শিউলি ফুল, পেঁয়াজের খোসা, হরীতকী, খয়ের, ইত্যাদি প্রাকৃতিক রঙ চেনা ও রঙ তৈরি করা।

**৬। রঙ - রাসায়নিকঃ ন্যাপথল, মিউরিয়েটিক অ্যাসিড, গ্লিসেরীন, সোডিয়াম নাইট্রেট, ইন্ডিগো মফ কালার, অ্যাসিড রেড, আলুমিনিয়াম সালফেট, কস্টিক সোডা, মোনোপল সোপ, গরম জল, ঠান্ডা জল, ইত্যাদি**

**৭। ইলেক্ট্রিক হিটার / গ্যাস ওভেন**

| ক্রম | বিবরণী |
|---|---|
| ক্রম ১ঃ বাটিক প্রিন্ট পদ্ধতি, তার কাপড়, রঙ, উপকরণ, ও সরঞ্জাম এর সাথে পরিচয়<br><br>সময়ঃ (দিন ১ - ৩) ১২ ঘণ্টা | থিওরীঃ<br>১। বাটিক এর ইতিহাস ও বাটিক কি ভাবে করা হয় জানা।<br>২। জীবিকা হিসেবে বাটিক<br>প্র্যাক্টিকালঃ<br>১। বাটিক নকশা চেনা - ভালো বাটিক চেনা<br>২। বাটিক এর জন্য যে কাপড় ব্যাবহার হয় তা চেনা<br>- সুতি, সিল্ক, মসলিন, তসর, গরদ, খাদি, ইত্যাদি<br><br>৩। রঙ চেনা (প্রাকৃতিক ও রাসায়নিক) - নীল, তুঁতে, গাঁদা ফুল, শিউলি ফুল, পেঁয়াজের খোসা, হরীতকী, খয়ের, ইত্যাদি প্রাকৃতিক রঙ চেনা ও রঙ তৈরি করা।<br>শিক্ষাঃ ট্রেনী একটি ভালো বাটিক চিনতে শেখে, প্রাকৃতিক ও রাসায়নিক রঙ তৈরি করতে শেখে। |
| ক্রম ২ঃ ক্র্যাক বাটিক পদ্ধতি<br>সময়ঃ (দিন ৪ - ৭) ১৬ ঘণ্টা | প্র্যাক্টিকালঃ<br>১। কাপড়ে মোম লাগানোর পদ্ধতি<br>ক। ক্র্যাক বাটিক এর জন্য (সাদা মোম)<br>খ। মোম শুকনো করা ও কাপড় ভাঁজ করে ক্র্যাক তৈরি করা<br>২। মোম লাগা কাপড় রঙে চোবানো ও ডাই করা<br><br>শিক্ষাঃ ট্রেনী একটি কাপড় কে ক্র্যাক বাটিক তৈরি করতে শেখে। |
| ক্রম ২ঃ কাপড়ে ছবি এঁকে বাটিক পদ্ধতি<br>সময়ঃ (দিন ৮ - ১১) ১৬ ঘণ্টা | প্র্যাক্টিকালঃ<br>১। কাপড়ে মোম লাগানোর পদ্ধতি<br>ক। কাপড়ে পেন্সিল দিয়ে ছবি এঁকে মোম লাগানোর পদ্ধতি (সাদা, লাল, রজন মোম)<br>খ। মোম শুকনো করা ও কাপড় ভাঁজ করে ক্র্যাক তৈরি করা<br>২। মোম লাগা কাপড় রঙে চোবানো ও ডাই করা<br>শিক্ষাঃ ট্রেনী একটি কাপড় কে ছবি এঁকে ক্র্যাক বাটিক তৈরি করতে |

| | |
|---|---|
| | শেখে। |
| ক্রম ২ঃ বিভিন্ন রঙের ডাই করা, ও এক ই কাপড়ে একাধিক রঙের দ্বারা বাটিক করা<br>সময়ঃ (দিন ১২-১৫) ১৬ ঘণ্টা | প্র্যাক্টিকালঃ<br>১। কাপড়ে মোম লাগানোর পদ্ধতি<br>ক। কাপড়ে পেন্সিল দিয়ে ছবি এঁকে মোম লাগানোর পদ্ধতি (সাদা, লাল, রজন মোম)<br>খ। মোম শুকনো করা ও কাপড় ভাঁজ করে ক্র্যাক তৈরি করা<br>২। বিভিন্ন রঙ তৈরি করা<br>৩। মোম লাগা কাপড় কে বিভিন্ন ভাবে বাঁধা ও এক ই কাপড় কে বিভন্ন রঙে চোবানো ও ডাই করা<br>শিক্ষাঃ ট্রেনী এক ই কাপড় কে বিভিন্ন রঙে বাটিক তৈরি করতে শেখে। |

এই ভাবে ১৫ দিনে হ্যান্ড বাটিক শিল্প শেখা যাবে। হ্যান্ড বাটিক শিল্পী শ্রী প্রদীপ বিশ্বাস, ও শ্রীমতী মৌমিতা মাইতি এর সাহায্যে পশ্চিম বঙ্গ কারিগরি শিক্ষা পর্ষদ এর জন্য ঐন্দ্রিলা বসুর দ্বারা এই প্রশিক্ষণ টি তৈরি করা হয়েছে।